# আল-আহযাব | Al-Ahzab | ٱلْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ১৮

## আরবি মূল আয়াত:

قَد يَعلَمُ اللّٰهُ المُعَوِّقِينَ مِنكُم وَ القَآئِلِينَ لِاِخوَانِهِم هَلُمَّ اِلَينَا وَ لَا يَاتُونَ البَاسَ اِلَّا قَلِيلًا ﴿۱۸﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ অবশ্যই জানেন তোমাদের মধ্যে কারা বাধাদানকারী এবং কারা তাদের ভাইদেরকে বলে, 'আমাদের কাছে আস' তারা খুব কমই যুদ্ধে আসে- — আল-বায়ান

আল্লাহ তোমাদের মধ্যে তাদেরকে নিশ্চিতই জানেন কারা (যুদ্ধে অংশগ্রহণে) বাধা সৃষ্টিকারী আর কারা নিজেদের ভাইদেরকে বলে- আমাদের কাছে এসো। যুদ্ধ তারা সামান্যই করে — তাইসিরুল

আল্লাহ অবশ্যই জানেন তোমাদের মধ্যে কারা তোমাদেরকে যুদ্ধে অংশ গ্রহণে বাধা দেয় এবং তাদের ভ্রাতৃবর্গকে বলেঃ আমাদের সঙ্গে এসো। তারা কমই যুদ্ধে অংশ নেয়। — মুজিবুর রহমান

Already Allah knows the hinderers among you and those [hypocrites] who say to their brothers, "Come to us," and do not go to battle, except for a few, — Sahih International

১৮. আল্লাহ্ অবশ্যই জানেন তোমাদের মধ্যে কারা বাধাদানকারী এবং কারা তাদের ভাইদেরকে বলে, আমাদের দিকে চলে এসো। তারা অল্পই যুদ্ধে যোগদান করে—

-

তাফসীরে জাকারিয়া

(১৮) আল্লাহ অবশ্যই জানেন তোমাদের মধ্যে কারা তোমাদের যুদ্ধে অংশ গ্রহণে বাধা দেয় এবং তাদের ভাইদেরকে বলে, 'আমাদের সঙ্গে এসো।'[1] আর ওরা অল্পই যুদ্ধ করে থাকে। [2]

[1] এই কথা মুনাফিকরা বলত, যারা নিজেদের অন্য সাথীদেরকে মুসলিমদের সাথে মিলিত হয়ে যুদ্ধ করতে বাধা দিত।

[2] কারণ তারা মৃত্যু-ভয়ে পিছনেই থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3551

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন